

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮১১

১/ বিবিধ

আরবী

بعثت بمدارة الناس

موضوع

رواه أبو سعد الماليني في " الأربعين الصوفية " ( 8 / 2 ) عن عبيد الله بن لؤلؤ الصوفي: أخبرني عمر بن واصل قال: سمعت سهل بن عبيد الله يقول: أخبرني محمد بن سوار: أخبرني مالك بن دينار، ومعروف بن علي عن الحسن عن محارب بن دثار عن جابر بن عبد الله قال: قال رسول الله صلى الله عليه وسلم لما أنزلت سورة براءة: فذكره

قلت: وهذا سند ضعيف جدا، وآفته ابن لؤلؤ هذا أو شيخه، وهما بغداديان، وقد ترجم لهما الخطيب في " تاريخه "، وساق في ترجمة الأول منهما حديثا ظاهر الوضع ثم قال ( 10 / 358 ): " هذا الحديث موضوع من عمل القصاص وضعه عمر بن واصل، أو وضع عليه. والله أعلم

ولما ترجم لابن واصل لم يقل فيه شيئا سوى أنه ساق له حديثا آخر من طريق ابن لؤلؤ هذا عنه، وسكت عليه، ولوائح الوضع عليه ظاهرة كهذا الحديث. والله أعلم والحديث أورده السيوطي في " الجامع " من رواية البيهقي في " الشعب " عن جابر وتعقبه المناوي بقوله: " وفيه عبيد الله بن لؤلؤ عن عمر بن واصل، قال في " لسان الميزان " : يروي عنه الموضوع وعمر بن واصل اتهمه الخطيب بالوضع، وفيه أيضا مالك بن دينار الزاهد، أورده الذهبي في " الضعفاء "، ووثقه بعضهم

## বাংলা

৮১১। আমাকে লোকদের সাথে নরম আচরণ করার জন্য প্রেরণ করা হয়েছে।

হাদিহ্টি জাল।

এটি আবু সা'আদ আল-মালীনী "আল-আরবাউনুস সুফিয়াহ (২/৮) গ্রন্থে ওবায়দুল্লাহ ইবনু লুউলুউ আস-সূফী হতে তিনি উমর ইবনু ওয়াসেল হতে তিনি সাহল ইবনু ওবায়দিহ্লাহ হতে তিনি মুহাম্মাদ ইবনু সাওয়ার হতে তিনি মালেক ইবনু দীনার হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। তার সমস্যা ইবনু লুউলুউ ও তার শাইখ উমারের মধ্যে। তারা উভয়েই বাগদাদী। আল-খাতীব "আত-তারীখ" (১০/৩৫৮) গ্রন্থে বলেনঃ ঘটনা বর্ণনাকারীদের থেকে এটি একটি বানোয়াট হাদীহ্। উমর ইবনু ওয়াসেল এটিকে জাল করেছেন অথবা তার উপর জাল করা হয়েছে।

সুয়ূতী "আল-জামে" গ্রন্থে বাইহাকীর "আশ-শু'আব" গ্রন্থের বর্ণনা হতে উল্লেখ করেছেন। এ কারণে মানবী তার সমালোচনা করে বলেছেনঃ তাতে ওবায়দুল্লাহ ইবনু লুউলুউ উমর ইবনু ওয়াসেল হতে বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে বলেনঃ তিনি তার থেকে বানোয়াট হাদীহ্ বর্ণনা করেছেন। আল-খাতীব উমর ইবনু ওয়াসেলকে জাল করার দোষে দোষী করেছেন। তাতে মালেক ইবনু দীনার আয-যাহেদও রয়েছে। তাকে যাহাবী "আয-যো'য়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন। আবার তাকে কেউ কেউ নির্ভরযোগ্যও বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71690>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন